

উচ্চশিক্ষা

প্রাথমিক স্তরে ইংরেজি শিক্ষা: পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠান কী করতে পারে

লেখা: ইকবাল খান

প্রকাশ: ০৬ সেপ্টেম্বর ২০২৫, ১০: ২০



×

প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের সহজভাবে সঠিক ইংরেজি শেখানো খুব দরকার। ছবি: সংগৃহীত

ইংরেজি আন্তর্জাতিক যোগাযোগের প্রধান মাধ্যম। এখন শিশুকে ছোটবেলা থেকেই ইংরেজি শেখাতে হবে। প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের সহজভাবে সঠিক ইংরেজি শেখানো খুব দরকার। পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠান যথাযথ উদ্যোগ নিলে সফলভাবে ইংরেজি শেখানোর বিষয়টি সম্ভব হবে। প্রাথমিক স্তরে ইংরেজি শিক্ষা কীভাবে সহজে শেখানো সম্ভব, তা জেনে নিন।

মা-বাবার কী করতে হবে

১. শিশুরা যদি ইংরেজি শেখার সময় ভুল করে, তবে তাদের নিরঞ্জনাহিত না করে উৎসাহ দেওয়া উচিত। মা-বাবাকে শিশুদের সামনে বলতে হবে—‘ভুল করা শেখারই অংশ’।
২. দৈনন্দিন জীবনে বাসায় ছোট ছোট কথায় ইংরেজি শব্দ ব্যবহার করা। যেমন ‘Good morning’, ‘Take water’, ‘Thank you’— শব্দগুলো শিশুদের ভাষা শোনা ও বলা সঙ্গে সহজে পরিচিত করায়। তাই শেখাও সহজ হবে।
৩. শিশুরা সব সময়ই গল্প ও ছবির প্রতি আকৃষ্ট হয় থাকে। মা-বাবা ছবিওয়ালা ইংরেজি বই পড়ে শোনাতে পারেন। শিক্ষামূলক কার্টুন ও গানও শিশুদের শেখার আগ্রহ বাড়ায়।
৪. বাসায় প্রতিদিন জিনিসপত্রের নাম বলার খেলা, ছবি দেখিয়ে শব্দ চিনতে বলা বা শব্দ মিল খেলা—এগুলো শেখাকে মজার করে তোলে।
৫. শিশু যখন নতুন শব্দ ব্যবহার করবে, তাকে উৎসাহ দিন, প্রশংসা করুন। যেমন—‘Excellent’, ‘Very good’, ‘Well done’ শব্দগুলো শিশুর মনে আত্মবিশ্বাস বাড়ায়।
৬. মা-বাবাকে নিয়মিত শিশুদের একসঙ্গে বসে ইংরেজি বই পড়ার অভ্যাস করতে পারেন। এতে শিশু অনুকরণ করে শেখে এবং পরিবারে ইংরেজি শেখার পরিবেশ তৈরি হবে।

ছবি: সংগৃহীত

-
৭. বাসায় রঙিন ছড়া বা সহজ ইংরেজি গান বাজালে শিশু সুরের মাধ্যমে নতুন শব্দ মনে রাখতে পারে।
 ৮. মোবাইল, ট্যাব বা কম্পিউটার ব্যবহার করে শিক্ষামূলক ইংরেজি অ্যাপ বা ভিডিও দেখানো যেতে পারে। তবে সময় নিয়ন্ত্রণ করা জরুরি।

৯. শিশুদের ইংরেজি শেখাতে প্রথমে শব্দভাস্তার তৈরি করতে হবে। বাসার দেয়ালে ছবি টাঙ্গিয়ে তার নাম ইংরেজিতে লিখে দিলে শিশু প্রতিদিন দেখে দেখে শিখতে পারে।

১০. ইংরেজি শেখাতে গিয়ে তাড়াহুড়া না করে ধীরে ধীরে অভ্যাস তৈরি করতে হবে। ধৈর্য ও নিয়মিত বজায় রাখলে সহজেই শিখতে পারবে।

শিক্ষাপ্রতিষ্ঠানের কী করতে হবে

১. শিশুদের ইংরেজি শেখাবেন এমন শিক্ষকেরা শুধু ব্যাকরণ বা বই পড়াতে নয়, বরং আনন্দের মাধ্যমে শেখানোর কৌশল জানবেন। সে জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে যোগ্য ও প্রশিক্ষিত শিক্ষক নিয়োগ দিতে হবে।

২. শিশুদের শব্দ খেলা, নাটিকা, গান, গল্প বলার মতো কার্যক্রম শিশুর মনে স্থায়ী শিক্ষা জোগায়। যেমন ‘This is a pen’, ‘Red apple’ বলে ছবি দেখানো।

৩. শিক্ষাপ্রতিষ্ঠানে শিশুদের পাঠ্যবই সহজ, রঙিন ও চিত্র সমৃদ্ধ হওয়া উচিত। শ্রেণিকক্ষে চার্ট, ফ্ল্যাশ কার্ড, পোস্টার ও খেলনা ব্যবহার শেখাকে আরও কার্যকর করে তুলে।

ছবি: সংগৃহীত

৪. শ্রেণিকক্ষে ইংরেজিতে কথা বলার সহজ পরিবেশ তৈরি করা উচিত। শিক্ষকেরা প্রতিদিন সহজ বাক্য ব্যবহার করতে পারেন—‘Stand up’, ‘Sit down’, ‘Open your book’ ইত্যাদি। শিশুরা নিয়মিত শুনে অভ্যাস করে নেবে।

৫. ভুল করলে হাসি বা সমালোচনা না করা যাবে না। ইংরেজিতে কথা বলাতে উৎসাহ ও সহায়তা দেওয়া জরুরি। এটি শিশুদের শেখার আগ্রহ বাড়ায়।

লেখক

৬. শিক্ষকেরা অভিভাবকদের পরামর্শ দিতে পারেন কীভাবে ঘরে শিশুদের সাহায্য করা যায়। অভিভাবক সভায় কার্যকর কৌশল শেখানো যেতে পারে।
৭. শিক্ষাপ্রতিষ্ঠানে আধুনিক প্রযুক্তির ব্যবহার যেমন অডিও-ভিডিও, প্রজেক্টর ও মাল্টিমিডিয়া ব্যবহার করলে শিশুরা দ্রুত শব্দ আয়ত্ত করতে পারে।
৮. শ্রেণিকক্ষে ছোট ছোট দল গঠন করে শিশুদের দলভিত্তিক কাজ দিলে তারা একে অপরের সঙ্গে মিলে সহজে শিখতে পারে।
৯. ইংরেজিতে গল্প বলার অনুষ্ঠানের আয়োজন করা। নিয়মিত ‘স্টোরিটেইলিং’ সেশন হলে শিশুদের শোনার ও বলার দক্ষতা বাড়বে।
১০. পাঠের বাইরে কার্যক্রম যেমন ড্রয়িং, গান, অভিনয় বা আবৃত্তি প্রতিযোগিতায় ইংরেজির ব্যবহার শিশুদের উৎসাহিত করবে।
১১. নিয়মিত মূল্যায়ন করতে হবে। খেলা ও কার্যক্রমের মাধ্যমে শেখা যাচাই করা উচিত। নম্বরের চাপ দিলে শিশুরা ভয় পাবে।
১২. শিক্ষাপ্রতিষ্ঠানের গ্রন্থাগারে প্রাথমিক স্তরে রঙিন গল্পের বইসহ সহজ ইংরেজি বই রাখলে শিশুদের পড়ার প্রতি আগ্রহ বাড়ে।

*লেখক: ইকবাল খান, প্রভাষক, বীরশ্রেষ্ঠ মুসী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো